

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২৭০

আগরতলা, ২৫ ডিসেম্বর, ২০১৭

আগরতলা চলচ্চিত্র উৎসবের শুরু

চলচ্চিত্র শুধু বিনোদনের জন্য নয়। এর মাধ্যমে সমাজের অন্যায়, অবিচার ও অমঙ্গলের বিরুদ্ধে জনমত তৈরী হয়। তাই সিনেডেলভ আয়োজিত চলচ্চিত্র উৎসবের মাধ্যমে এক শুভ বার্তা সমাজের কাছে নিয়ে যেতে হবে।

মুখ্যমন্ত্রী মানিক সরকার গতকাল সন্ধ্যায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনের দুই নং প্রেক্ষাগৃহে সিনেডেলভ আয়োজিত আট দিন ব্যাপী ২২তম আগরতলা চলচ্চিত্র উৎসবের উদ্বোধন করে এই অভিমত ব্যক্ত করেন। প্রদীপ জ্বালিয়ে এই উৎসবের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী মানিক সরকার-বলেন আমাদের রাজ্যের ভিতর চলচ্চিত্র নির্মানের উদ্যোগ চলছে। এর অঙ্কুর ভবিষ্যতে প্রস্ফুটিত হবে এই আশা রাখি। তিনি বলেন, সিনেডেলভের এই উদ্যোগ সহজ নয়; কঠিন; ধন্যবাদ উদ্যোক্তাদের। তবে আশা রাখব সিনেমা পরিচালক, অভিনেতা, অভিনেত্রী, শিল্পী ও দর্শকরা সমাজকে জাগ্রত করতে ইতিবাচক ভূমিকা নেবেন। মুখ্যমন্ত্রী শ্রী সরকার সিনেডেলভের স্মরণিকারও আবরণ উন্মোচন করেন। তিনি সবাইকে বড়দিন ও ইংরেজী নববর্ষের শুভেচ্ছা জানান।

সভাপতির ভাষণে অধ্যাপক ড. সরোজ চৌধুরী বলেন, চলচ্চিত্র অত্যন্ত শক্তিশালী মাধ্যম। এর বার্তা খুব সহজে দর্শকদের কাছে পৌঁছে যায়। সীমান্তের এপার-ওপারের কাঁটা তারের বেড়ায় আটকায় না। তবে চলচ্চিত্রের সারমর্ম বুঝতে হবে। একে সামগ্রিকভাবে গ্রহণ করতে হবে। স্বাগত ভাষণ দেন সিনেডেলভের সম্পাদক অভিজিৎ চক্রবর্তী। সকলকে ধন্যবাদজ্ঞাপন করেন সংস্থার সহ-সভাপতি দুলাল চক্রবর্তী।

উল্লেখ্য, এবারের এই চলচ্চিত্র উৎসবে ২৫টি দেশ-বিদেশের পুরস্কার প্রাপ্ত ও বিভিন্ন সময়ে বিশেষভাবে আলোচিত ছায়াছবি প্রদর্শিত হবে। তার মধ্যে বাংলা ছায়াছবি ৮টি, হিন্দী ছায়াছবি ৬টি, বিদেশি ছবি ৬টি, আঞ্চলিক ছবি ১টি ও ৪টি শিশু-কিশোরদের জন্য, যা সব বয়সের দর্শকদের জন্য উন্মুক্ত থাকবে। প্রদর্শনের সময় হল- সকাল ১০.৪৫ মিনিটে, দুপুর ১.৩০ মিনিটে, বিকাল ৪.০০ মিনিটে ও সন্ধ্যা ৬.৩০ মিনিটে। পাশাপাশি কিছু স্বল্প দৈর্ঘ্যের তথ্য চিত্র, ছায়াছবি দেখানোর উদ্যোগ নেওয়া হয়েছে। এছাড়া সদ্য প্রয়াত শশী কাপুর ও ওমপুরির প্রতি শ্রদ্ধার্থ্য জানিয়ে দু'টি ছবি প্রদর্শিত হবে। উৎসব চলবে আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত। গতকাল উদ্বোধনী অনুষ্ঠানের পর বাংলাদেশের বিশিষ্ট চিত্র পরিচালক মোস্তাফা সারোয়ার ফারুকীর পরিচালনায় বাংলা ছায়াছবি 'ডুব' প্রদর্শিত হয়। এই ছায়াছবি হলভর্তি দর্শকদের প্রশংসা কুড়িয়ে নেয়।
